গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
মাতৃকেন্দ্র ও মার্কেটিং শাখা
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৭.২৫.০৮৭.২১. ০২

তারিখ: ০৩ মাঘ ১৪২৮
১৭ জানুয়ারী ২০২২

বিষয়: সমাজসেবা অধিদপ্তরাধীন পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্ত মাতৃকেন্দ্রের সম্পাদিকাদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ মডিউল ও সম্ভাব্য ব্যয় বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তরাধীন পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম দেশের ৬৪ জেলার ৪৯২ উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থ বছর হতে পল্লী মাতৃকেন্দ্রের সম্পাদিকা ও সদস্যদের প্রশিক্ষণখাতে নির্ধারিত সংখ্যক উপজেলায় বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্রের সম্পাদিকা ও সদস্যদেরদের প্রশিক্ষণখাতে ২৪০টি উপজেলার প্রতিটিতে ৪০,০০০/- করে ৯৬,০০,০০০/- এর সংস্থান আছে। তন্মধ্যে ১ম কিস্তিতে ৬০টি উপজেলায় ৪০,০০০/- করে ২,৪০,০০০/- বরাদ্দ প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে পরবর্তী ৩ কিস্তিতে ১৮০টি উপজেলায় অনুরুপ বরাদ্দ প্রদান করা হবে। ২০২১-২২ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ হতে মাতৃকেন্দ্রের সম্পাদিকা ও সদস্যদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষণ মডিউল ও সম্ভাব্য ব্যয় বিভাজন প্রস্তুত করা হয়েছে(কপি সংযুক্ত)। উক্ত প্রশিক্ষণ মডিউল ও সম্ভাব্য ব্যয় বিভাজন অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ হতে প্রশিক্ষণ প্রদান শেষে সমাজসেবা অধিদপ্তরের সদর কার্যালয় কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

যে সকল উপজেলায় ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরে প্রশিক্ষণখাতে বরাদ্দ পেয়ে সম্পাদিকা ও সদস্যদেরে এখনো প্রশিক্ষণ প্রদান করা হয়নি ঐ সকল উপজেলায় ইতোপূর্বে প্রেরিত প্রশিক্ষণ মডিউল ও সম্ভাব্য ব্যয় বিভাজন অনুযায়ী প্রশিক্ষণ প্রদান শেষে সমাজসেবা অধিদপ্তরের সদর কার্যালয় কে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো। আরো উল্লেখ্য প্রশিক্ষণার্থী নির্বাচনে প্রয়োজনীয় সংখ্যক সম্পাদিকা না পাওয়া গেলে মাতৃকেন্দ্রের সভানেত্রি ও সদস্যদেরকে অন্তরর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা যাবে।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ০১ পাতা।

১৭/০১/২২
মোঃ সাব্বির ইমাম
পরিচালক (কার্যক্রম)
ফোন: +৮৮০২-৪৮১১৫৮২১

উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
..............................।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৭.২৫.০৮৭.২১. ০২

তারিখ: ০৩ মাঘ ১৪২৮
১৭ জানুয়ারী ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:
১) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।

১৭/০১/২০২২
মো: রবিউল করিম
উপপরিচালক (কার্যক্রম-২)

## পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের সম্পাদিকাদের প্রশিক্ষণ মডিউল:

প্রশিক্ষণের শিরোনাম: পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম এর সম্পাদিকাগণের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকরণ শীর্ষক ০১ (এক) দিন মেয়াদি প্রশিক্ষণ কর্মশালা।

**ক) প্রশিক্ষণ মডিউল:**

| | | |
|---|---|---|
| কোর্স পরিচালক | : | উপজেলা সমাজসেবা অফিসার |
| কোর্স সমন্বয়ক | : | সহকারী সমাজসেবা অফিসার (অর্বতমানে ফিল্ড সুপারভাইজার) |
| প্রশিক্ষন মূল্যায়ন পদ্ধতি | : | উপস্থাপনা অথবা কুইজ |
| প্রশিক্ষণ পদ্ধতিসমূহ | : | অংশগ্রহণমূলক আলোচনা, দলীয় কাজ, উপস্থাপনা |

**প্রশিক্ষণের উদ্দেশ্যাবলী: প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীবৃন্দ যে সকল বিষয়ে জ্ঞান লাভ করবেন**

১. মাতৃকেন্দ্রের সম্পাদিকাগণ নিজ নিজ দ্বায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত হবেন।
২. কার্যকর সভা ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা লাভ করবেন।
৩. মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করণ সম্পর্কে জ্ঞান লাভ করবেন।
৪. ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা, হিসাব সংরক্ষণ সম্পর্কে অবহিত হবেন।
৫. বিভিন্ন রেজিষ্টার সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে অবহিত হবেন।
৬. মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, প্রজনন স্বাস্থ্য শিক্ষা, শিশু ও নারীদের টীকাদান, বাল্য বিবাহ ও বয়ঃসন্ধিকাল সম্পর্কে অবহিত হবেন।
৭. নারী ও শিশু নির্যাতন ও পাচার প্রতিরোধ এবং জঙ্গীবাদ ও মাদকমুক্ত সমাজ গঠনে ভূমিকা রাখতে করণীয় সম্পর্কে অবহিত হবেন।
৮. বিশুদ্ধ ও নিরাপদ পানি ব্যবহার, আধুনিক পয়ঃনিস্কাশন পদ্ধতি ব্যবহার সম্পর্কে জ্ঞানলাভ করবেন।
৯. নারীর ক্ষমতায়নে ক্ষুদ্রঋণের ভূমিকা, ক্ষুদ্র ব্যবসা পরিচালনা কৌশল সম্পর্কে ধারণা লাভ করবেন।
১০. নারীর আইনগত অধিকার, নারী নীতি ও পারিবারিক আইন বিষয়ে অবহিত হবেন।

| সেশন কোড | বিষয় | মেয়াদ (ঘন্টা) | প্রশিক্ষণ পদ্ধতি | প্রশিক্ষক/সহায়তাকারী/ রিসোর্স পারসন |
|---|---|---|---|---|
| ১ | নারীর ক্ষমতায়ন ও ক্ষুদ্র উদ্যোক্তা তৈরিতে ক্ষুদ্রঋণের ভূমিকা, ক্ষুদ্র ব্যবসা পরিচালনা বিষয় সম্পর্কে ধারণা প্রদান | ০১ | অংশগ্রহণমূলক আলোচনা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ / উক্ত বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি |
| ২ | নারীর আইনগত অধিকার, নারী নীতি ও পারিবারিক আইন বিষয়ে অবহিত করণ। | ০১ | অংশগ্রহণমূলক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার/ উক্ত বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি |
| ৩ | পল্লী মাতৃকেন্দ্র পরিচালনায় সম্পাদিকার দ্বায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করণ। | ০১ | অংশগ্রহণমূলক আলোচনা | উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় |
| ৪ | সভার কাযবিবরণী ও মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতকরণ, হিসাব সংরক্ষণ এবং বিভিন্ন রেজিষ্টার সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে অবহিত করণ। | ০১ | দলীয় কাজ | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৫ | মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, প্রজনন স্বাস্থ্য শিক্ষা, শিশু ও নারীদের টীকাদান, বাল্য বিবাহ ও বয়ঃসন্ধিকাল, নারী ও শিশু নির্যাতন, পাচার প্রতিরোধ ও দমন, জঙ্গীবাদ ও মাদকমুক্ত সমাজ গঠন বিষয়ে অবহিত করণ। | ০১ | অংশগ্রহণমূলক আলোচনা | বিষয়ভিত্তিক অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি |
| ৬ | বিশুদ্ধ ও নিরাপদ পানি ব্যবহার, আধুনিক পয়ঃনিস্কাশন পদ্ধতির ব্যবহার এবং পরিবেশ ব্যবস্থাপনা ও দূষণ নিয়ন্ত্রণ বিষয়ে সচেতনতা সৃষ্টি। | ০১ | অংশগ্রহণমূলক আলোচনা | বিষয়ভিত্তিক অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি |

| | | |
|---|---|---|
| সহায়ক কর্মচারী | ১.ফিল্ড সুপারভাইজার অথবা অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ জন |
| | ২.ইউনিয়ন সমাজকর্মী | ০১জন |
| | ৩.টি আই/অফিস সহায়ক | ০১জন |

চলমান পাতা-২

**খ) প্রশিক্ষণ বাবদ সম্ভাব্য ব্যয় বিভাজন (উপজেলা ভিত্তিক)**

০১) কোর্স ব্যবস্থাপনাঃ

| ক্রমিক | বিবরণ | মেয়াদ | সংখ্যা | একক সম্মানী হার | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১.১ | কোর্স পরিচালক | ১ দিন | ১ জন | ১,৫০০/- | ১,৫০০/- |
| ১.২ | কোর্স সমন্বয়ক | ১ দিন | ১ জন | ১,২০০/- | ১,২০০/- |
| ১.৩ | সাপোটিং ষ্টাফ | ১ দিন | ৩ জন | ৫০০/- | ১,৫০০/- |
| | | | | ক. মোট= | ৪,২০০/- |

০২) প্রশিক্ষক বা ফ্যাসিলেটেটর এবং প্রশিক্ষনার্থী সম্মানীঃ

| ক্রমিক | বিবরণ | একক | সংখ্যা | সম্মানী/ভাতা হার | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ২.১ | প্রশিক্ষক বা ফ্যাসিলেটেটর এর সম্মানী | ১ ঘন্টা | ৬ টি সেশন | ২,০০০/- | ১২,০০০/- |
| ২.২ | প্রশিক্ষনার্থী সম্মানী | ১ দিন | ২০ জন | ৫০০/- | ১০,০০০/- |
| | | | | খ. মোট= | ২২,০০০/- |

০৩) প্রশিক্ষণ সামগ্রীঃ

| ক্রমিক | বিবরণ | পরিমাণ | একক মূল্য | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ৩.১ | বিবিধ আনুষংগিক (ফোল্ডার, নোটবুক, কলম, ব্যাচ, মার্কার (হোয়াইট বোড), পারমানেন্ট মার্কার, ব্যানার, এয়ার ফ্রেশনার, টিস্যু বক্স, ফুলের তোড়া ও স্থির চিত্র ইত্যাদি) | -- | -- | ৪,৩০০/- |
| | | | গ .মোট= | ৪,৩০০/- |

০৪) আপ্যায়নঃ

| ক্রমিক | বিবরণ | পরিমাণ | সংখ্যা | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ৪.১ | সকালের নাস্তা ( চা বিরতিকালে ) | ২৫ প্যাকেট | ২৫ জন | ৪০/- | ১,০০০/- |
| ৪.২ | বিকালের নাস্তা | ২৫ প্যাকেট | ২৫ জন | ৪০/- | ১,০০০/- |
| ৪.৩ | দুপুরের খাবার | ২৫ প্যাকেট | ২৫ জন | ৩০০/- | ৭,৫০০/- |
| | | | | ঘ. মোট= | ৯,৫০০/- |
| | | | | সর্বমোট (ক+খ+গ+ঘ)= | ৪০,০০০/- |
| | | | | | কথায়: চল্লিশ হাজার টাকা মাত্র। |

**বিশেষ নির্দেশনা:**

১. প্রশিক্ষণ উত্তর ১৫ কার্যদিবসের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২. পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ (হালনাগাদ) অনুসরণ পূর্বক সকল ব্যয় সম্পন্ন করতে হবে।

৩. প্রশিক্ষণার্থী নির্বাচনে প্রয়োজনীয় সংখ্যক সম্পাদিকা পাওয়া না গেলে দলনেত্রীগণ অগ্রাধিকার পাবেন।

৪. এ প্রশিক্ষণ বাস্তবায়নে আর্থিক বিভাজনে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত অভ্যন্তরিন প্রশিক্ষণ ব্যয় সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

২৯/১২/২১
মোঃ হুমায়ুন কবীর
উপসহকারী পরিচালক (কার্যক্রম)
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

১৫.১২.২১
শিপ্রা ঘোষ
সহকারী পরিচালক (মাতৃকেন্দ্র)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

মোঃ রবিউল করিম
উপপরিচালক (কার্যক্রম-২)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

২৯/১২/২১
হরিশ চন্দ্র বিশ্বাস
অতিরিক্ত পরিচালক (কার্যক্রম-১)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

২৯/১২/২০২১
মোঃ জুলফিকার হায়দার
পরিচালক (কার্যক্রম)
সমাজসেবা অধিদফতর, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার